জাতীয় বিশ্ববিদ্যালয়

সূত্র নং - ১৬(৬৯৩)/ জাতী:বি:/রেজি:/একা:/প্রিলিমিনারী টু মাস্টার্স/২০১৭-১৮/৪৪৮১ তারিখ: ২৩/০৭/২০১৯

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইট: (www.nu.ac.bd/admissions)

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের অনলাইন আবেদন ২৫ জুলাই বিকাল ৪টা থেকে শুরু হয়ে ০১ আগস্ট ২০১৯ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) থেকে আগ্রহী প্রার্থীদের আবেদন ফরম পূরণ করতে হবে।
আবেদনকারীকে প্রিন্ট করা আবেদন ফরমটির নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে। এই আবেদন ফরমের সংগে প্রার্থীকে স্নাতক (পাস) পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি, দ্বৈত ভর্তি সম্পর্কিত অঙ্গীকারনামার সত্যায়িত কপিসহ আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা ও রেজিস্ট্রেশন ফি বাবদ ৮০০/- (আটশত) টাকা ০৩ আগস্ট ২০১৯ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কলেজে অবশ্যই জমা দিতে হবে। আবেদন ফরমটির দ্বিতীয় অংশ সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ প্রার্থীকে ফেরত দিবে।

১। আবেদনের যোগ্যতা ও নির্দেশাবলী

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৩ থেকে ২০১৭ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর এবং গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত প্রার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে। এছাড়া প্রার্থীর প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে ভর্তিচ্ছু বিষয়টি স্নাতক (পাস) পর্যায়ে ন্যূনতম ৪০০ নম্বরের পঠিত বিষয় হিসাবে থাকতে হবে এবং তাতে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে জিপিএ ২.০ পেতে হবে।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৩ থেকে ২০১৭ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত প্রার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগামে আবেদন করতে পারবে না। তবে এ সকল প্রার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে জিপিএ ২.২৫ পেলে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদনের সুযোগ পাবে।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয় অধীনে ২০১৩ থেকে ২০১৭ সাল পর্যন্ত সার্টিফিকেট কোর্স পরীক্ষায় (৪০০ নম্বর সম্বলিত) ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.২৫ প্রাপ্ত প্রার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।

ঘ) উল্লেখ্য যে, ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স প্রোগ্রামের জন্য প্রণীত নতুন সিলেবাস অনুযায়ী ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন প্রাপ্ত শিক্ষার্থীদের পরীক্ষা গ্রহণ করা হবে।

ঙ) প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ৩ (তিন) শিক্ষাবর্ষ।

চ) আবেদনের যোগ্যতা থাকা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে কারাবন্দীগণও আবেদন করতে পারবে।

ছ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।

২। অনলাইন আবেদনের নিয়মাবলী

ক) প্রতিটি কলেজে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে অধিভুক্ত একটি বিষয়ে সর্বোচ্চ ১০০০ (এক হাজার) প্রার্থী আবেদন করতে পারবে।

খ) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) **Masters Tab**-এ গিয়ে **Apply Now (Masters Preli. Private)** অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে স্নাতক (পাস)/সার্টিফিকেট কোর্স পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও পাসের সন সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

গ) আবেদন ফরমে প্রার্থীর প্রার্থীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার আবেদন ফরম/রেজিস্ট্রেশন বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা অন্য যে কোন প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে "জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো"- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

ঙ) আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলা নির্ধারণ করে যে কোন কলেজের নাম **Select** করলে (**অনুচ্ছেদ-০৬ এ বর্ণিত**) সংশ্লিষ্ট কলেজে প্রার্থীর ভর্তি যোগ্য (**Eligible**) **বিষয়ের তালিকা দেখতে পাবে** এবং উক্ত তালিকা থেকে সতর্কতার সংগে তার প্রার্থিত বিষয়ের পছন্দ নির্ধারণ করবে।

চ) আবেদন ফরম পূরণের সময় প্রার্থীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙ্গিন ছবি **Scan** করে আপলোড করতে হবে। ছবির মাপ **120×150 pixels, Image Type: jpg** এবং **maximum file size:50Kb** হতে হবে। **প্রার্থীর ছবি ব্যতীত অন্য কোন ছবি আবেদন ফরমে আপলোড করা হলে ঐ প্রার্থীর ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।**

ছ) সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [**A4** (8.5"×11") অফসেট সাদা কাগজে] প্রিন্ট (Print) নিতে হবে। আবেদনকারীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে। **এই আবেদন ফরমের সংগে প্রার্থীকে স্নাতক (পাস) পরীক্ষার নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি, দ্বৈত ভর্তি সম্পর্কিত প্রার্থীর অঙ্গীকারনামার সত্যায়িত কপিসহ আবেদন ফি বাবদ**

৩০০/- (তিনশত) টাকা ও রেজিস্ট্রেশন ফি বাবদ ৮০০/- (আটশত) টাকা সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। প্রাথমিক আবেদন ফরমটির দ্বিতীয় অংশ সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ প্রার্থীকে ফেরত দিবে।

জ) পূরণকৃত আবেদন ফরমের ত্রুটি সংশোধন: আবেদন ফরম সংশ্লিষ্ট কলেজে জমাদানের পূর্বে প্রার্থী তার আবেদন ফরমটি যাচাই করবে। আবেদন ফরমে তথ্যগত অমিল বা ত্রুটিপূর্ণ ছবি থাকলে তা সংশোধন করতে হবে। আবেদন ফরম সংশোধনের জন্য প্রার্থীকে **Applicant Login (Masters Preli. Private)** অপশনে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে **Form Cancel/Photo Change Option** এ গিয়ে **Click to Generate the Security key** অপশনটি ক্লিক করলে প্রার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই **OTP** এন্ট্রি দিয়ে প্রার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবে। এ লক্ষ্যে আবেদনকারীকে তার ব্যক্তিগত সঠিক মোবাইল নম্বর সর্তকতার সংগে আবেদন ফরমে সংযোজন করতে হবে। তবে কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন করার পর তা আর বাতিল করা যাবে না। **প্রার্থী ছবি পরিবর্তনের সুযোগ মাত্র একবারই পাবে।**

৩। আবেদনের সময়সূচি

ক্রমিক	বিবরণ	তারিখ
ক)	**অনলাইন আবেদন করার তারিখ:**	**২৫/০৭/২০১৯ থেকে ০১/০৮/২০১৯**
খ)	**আবেদন ফরম, আবেদন ফি ও প্রয়োজনীয় কাগজপত্র নির্ধারিত কলেজে জমা দেয়ার তারিখ:**	**২৭/০৭/২০১৯ থেকে ০৩/০৮/২০১৯**
গ)	**কলেজ কর্তৃক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করার তারিখ:**	**২৭/০৭/২০১৯ থেকে ০৪/০৮/২০১৯**
ঘ)	কলেজ কর্তৃপক্ষকে প্রার্থীদের আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ **[আবেদনকারী প্রতি ২০০/- (দুইশত) টাকা হারে]** ও রেজিস্ট্রেশন ফি **[আবেদনকারী প্রতি ৮০০/- (আটশত) টাকা হারে]** যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ: এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে Login এর মাধ্যমে Application Payment Info (Masters Preli. Private) অপশনে ক্লিক করে দু'টি আলাদা Pay Slip ডাউনলোড করতে হবে। ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন (ভর্তি ফান্ড) ফি ও রেজিস্ট্রেশন ফি'র সঞ্চয়ী হিসাব নম্বর যথাক্রমে 0218100003245 ও 0218100000134 উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং সংশ্লিষ্ট কলেজকে এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।	**০৫/০৮/২০১৯ থেকে ০৮/০৮/২০১৯**

৪। বিষয় নির্বাচন

ক) **অনুমোদিত বিষয়সমূহ : বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, আরবী, ইসলামিক স্টাডিজ, সংস্কৃত, পালি, অর্থনীতি, সমাজবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং ও ফিন্যান্স এন্ড ব্যাংকিং। সংশ্লিষ্ট কলেজে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে উল্লিখিত বিষয়সমূহে অধিভুক্তি থাকলে কেবলমাত্র ঐ সকল বিষয়ে প্রাইভেট রেজিস্ট্রেশন করা যাবে।**

খ) প্রার্থীকে অবশ্যই স্নাতক (পাস)/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় পঠিত বিষয় থেকে শর্তপূরণ সাপেক্ষে বিষয় নির্বাচন করতে হবে।

গ) স্নাতক (পাস) কোর্সে পঠিত **ইসলামের ইতিহাস ও সংস্কৃতি** বিষয়ের সমগোত্রীয় বিষয় হিসেবে **ইতিহাস এবং ইতিহাস বিষয়ের সমগোত্রীয় বিষয় হিসাবে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি** বিষয়টি গণ্য করা যাবে।

ঘ) **প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে বাংলা অথবা ইংরেজি বিষয়ে আবেদনের ক্ষেত্রে প্রার্থীর পঠিত বিষয় হিসাবে ন্যূনতম ৪০০ নম্বরের বাংলা অথবা ইংরেজি বিষয় থাকতে হবে।**

৫। কলেজ কর্তৃপক্ষের করণীয়

ক) সংশ্লিষ্ট কলেজ ভর্তি কার্যক্রম পরিচালনার লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **(www.nu.ac.bd/admissions) College (Postgraduate) Login** অপশনে গিয়ে তাদের জন্য বরাদ্দকৃত প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে প্রদত্ত **User ID** ও **Password** এন্ট্রি দিবে। প্রাথমিক আবেদন ফরম/রেজিস্ট্রেশন নিশ্চয়নের সময় **Click to Generate the Security key** অপশনে গিয়ে ক্লিক করলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরে **SMS** ও কলেজ ই-মেইল এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই **OTP** ব্যবহার করে সংশ্লিষ্ট কলেজ প্রার্থীদের প্রাথমিক আবেদন ফরম/চূড়ান্ত রেজিস্ট্রেশন নিশ্চয়ন করতে পারবে।

খ) কলেজ কর্তৃপক্ষকে আবেদন ফরম নিশ্চয়নের পূর্বে আবেদন ফরমে প্রদর্শিত প্রার্থীর সকল তথ্য ও ছবি যাচাই করে নিতে হবে। **এ লক্ষ্যে অনুচ্ছেদ-১ এ বর্ণিত "আবেদনের যোগ্যতা" এর সকল শর্তপূরণ হয়েছে কিনা তা যাচাই করে নিতে হবে। সংশ্লিষ্ট কলেজ দ্বৈত ভর্তি সম্পর্কিত প্রার্থীর অঙ্গীকারনামার সত্যায়িত কপি অবশ্যই জমা রাখবে।** আবেদন ফরমে প্রার্থীর তথ্য বা ছবির অসংগতি পাওয়া গেলে কলেজ কর্তৃক আবেদন ফরমটি নিশ্চয়ন না করে প্রার্থীকে অনলাইনে ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন করার পরামর্শ দিতে হবে।

গ) কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন করার পর **পূরণকৃত আবেদন ফরমের ত্রুটি সংশোধন** করা যাবে না। **ত্রুটিপূর্ণ ছবি ও ভুল তথ্য দিয়ে কোন প্রার্থী আবেদন করলে তার ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।**

ঘ) **বিষয়ওয়ারী পত্র কোড এন্ট্রি**

কলেজ কর্তৃক ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন প্রাপ্ত প্রার্থীদের নির্ধারিত সময়ের মধ্যে (নোটিশের মাধ্যমে পত্র কোড এন্ট্রির সময় জানিয়ে দেয়া হবে) বিষয়ওয়ারী পত্র কোড এন্ট্রি দিতে হবে। এ লক্ষ্যে **সংশ্লিষ্ট** কলেজকে Login এর মাধ্যমে **Paper Code Entry (Master's Preli. Private)** অপশনে ক্লিক করে শিক্ষার্থীদের পত্র কোড এন্ট্রি দিতে হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে পত্র কোড এন্ট্রি না দেয়া হলে অথবা ভুল পত্র কোড এন্ট্রি দেয়া হলে সংশ্লিষ্ট প্রার্থীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না। **২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের জন্য প্রযোজ্য সিলেবাস থেকে পত্র কোড এন্ট্রি দিতে হবে।** রেজিস্ট্রেশন কার্ড ইস্যুর পর পত্র কোড পরিবর্তনের আবেদন গ্রহণযোগ্য হবে না।

৬। নিম্নবর্ণিত কলেজসমূহে ২০১৭-২০১৮ সালের প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করা যাবে :

ক্রম	কলেজ কোড	কলেজের নাম	ক্রম	কলেজ কোড	কলেজের নাম
১.	০১০১	সরকারি পিসি কলেজ, বাগেরহাট	৩০.	৪৬০১	রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি
২.	০৩২২	বি এল কলেজ, খুলনা	৩১.	৪৮০১	নেত্রকোনা সরকারি কলেজ, নেত্রকোণা
৩.	০৫০১	এম এম কলেজ, যশোর	৩২.	৪৯০১	গুরুদয়াল সরকারি কলেজ, কিশোরগঞ্জ
৪.	১০০১	কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া	৩৩.	৫০০১	সরকারি আশেক মাহমুদ কলেজ, জামালপুর
৫.	১১০১	সরকারি বি.এম কলেজ, বরিশাল	৩৪.	৫১০১	শেরপুর সরকারি কলেজ, শেরপুর
৬.	১২০১	সরকারি সোহরাওয়ার্দি কলেজ, পিরোজপুর	৩৫.	৫২০১	আনন্দমোহন কলেজ, ময়মনসিংহ
৭.	১৫০১	পটুয়াখালী সরকারি কলেজ, পটুয়াখালী	৩৬.	৫৩০১	সরকারি সা'দত কলেজ, টাঙ্গাইল
৮.	১৬০১	বরগুনা সরকারি কলেজ, বরগুনা	৩৭.	৫৪০১	নরসিংদী সরকারি কলেজ, নরসিংদী
৯.	১৭০১	এম.সি কলেজ, সিলেট	৩৮.	৫৫০১	ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ, গাজীপুর
১০.	২০০১	মৌলভীবাজার সরকারি কলেজ	৩৯.	৫৫১১	টঙ্গী সরকারি কলেজ, গাজীপুর
১১.	২১০১	সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা	৪০.	৫৬০১	সরকারি তোলারাম কলেজ, নারায়নগঞ্জ
১২.	২২০১	সিরাজগঞ্জ সরকারি কলেজ, সিরাজগঞ্জ	৪১.	৫৮০১	সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ
১৩.	২৪০১	নওগাঁ সরকারি কলেজ,নওগাঁ	৪২.	৫৯১২	ডা. আবুল হোসেন কলেজ, রাজবাড়ি
১৪.	২৫০১	রাজশাহী কলেজ, রাজশাহী	৪৩.	৬০০১	সরকারি রাজেন্দ্র কলেজ, ফরিদপুর
১৫.	২৭০১	সরকারি আযিযুল হক কলেজ, বগুড়া	৪৪.	৬১০১	সরকারি বঙ্গবন্ধু কলেজ, গোপালগঞ্জ
১৬.	২৯০৬	হাতীবান্ধা আলিমুদ্দীন কলেজ, লালমনিরহাট	৪৫.	৬২০৯	শামসুর রহমান কলেজ, গোসাইরহাট, শরীয়তপুর
১৭.	৩১০১	নীলফামারী সরকারি কলেজ, নীলফামারী	৪৬.	৬৩০১	সরকারি নাজিমুদ্দিন কলেজ, মাদারীপুর
১৮.	৩২০১	কারমাইকেল কলেজ, রংপুর	৪৭.	৬৪১০	নিউ মডেল ডিগ্রী কলেজ, ঢাকা
১৯.	৩৪০১	দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর	৪৮.	৬৪১৬	সিদ্ধেশ্বরী কলেজ, ঢাকা
২০.	৩৭০১	ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা	৪৯.	৬৪২২	তেজগাঁও কলেজ, ঢাকা
২১.	৩৮০১	ব্রাহ্মণবাড়ীয়া সরকারি কলেজ	৫০.	৬৪২৫	শেখ বোরহানুদ্দিন কলেজ, ঢাকা
২২.	৩৯০১	চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর	৫১.	৬৪৩৯	আবুজর গিফারী কলেজ, ঢাকা
২৩.	৪০০১	লক্ষ্মীপুর সরকারি কলেজ, লক্ষ্মীপুর	৫২.	৬৪৪৭	লালমাটিয়া মহিলা কলেজ, ঢাকা
২৪.	৪১০১	ফেনী সরকারি কলেজ, ফেনী	৫৩.	৬৪৫৮	মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজ, ঢাকা
২৫.	৪২০১	নোয়াখালী সরকারি কলেজ, নোয়াখালী	৫৪.	৬৪৫৯	হাবীবুল্লাহ বাহার কলেজ, ঢাকা
২৬.	৪৩০১	চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম	৫৫.	৬৪৮৬	আলহাজ্ব মকবুল হোসেন কলেজ, ঢাকা
২৭.	৪৩০৫	হাজী মুহাম্মদ মহসীন কলেজ, চট্টগ্রাম	৫৬.	৩০০১	কুড়িগ্রাম সরকারি কলেজ
২৮.	৪৩০৬	চট্টগ্রাম কমার্স কলেজ, চট্টগ্রাম	৫৭.	১৪০১	ভোলা সরকারি কলেজ
২৯.	৪৪০৭	কক্সবাজার সিটি কলেজ	৫৮.	০২০১	সাতক্ষীরা সরকারি কলেজ

▶▶ এই ভর্তি কার্যক্রমের যে কোন ধারা/উপধারা/নিয়মাবলীর সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

স্বাক্ষরিত/-
(প্রফেসর ড. মো: আনোয়ার হোসেন)
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন : ০২-৯২৯১০৭৪
ই-মেইল: ***pgdeanoffice@gmail.com***

সূত্র নং - ১৬(৬৯৩)/ জাতী:বি:/রেজি:/একা:/প্রিলিমিনারী টু মাস্টার্স/২০১৭-১৮/৪৪৮১ তারিখ: ২৩/০৭/২০১৯

অনুলিপি ঃ
১। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
২। পরিচালক,(তথ্যপ্রযুক্তি) আইসিটি দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)
৩। পরিচালক,(জনসংযোগ), জাতীয় বিশ্ববিদ্যালয় (কল সেন্টার, ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৪। সচিব, ভাইস চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮। অফিস কপি।

উপ-রেজিস্ট্রার
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন : ০২-৯২৯১০৭০

© কপি-রাইট: জাতীয় বিশ্ববিদ্যালয়, বোর্ড বাজার, গাজীপুর-১৭০৪